দৈনিক ইনকিলাব

FEB. 1 1 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

# নাটোরে ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরীর শতবর্ষপূর্তি উপলক্ষে ব্যাপক কর্মসূচী

**এমএ হক টুকু ঃ** নাটোরের ঐতিহ্যবাহী পাঠাগার ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরীর শতবর্ষপূর্তি উপলক্ষে ৭ ফেব্রুয়ারি থেকে ৩ দিনব্যাপী ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। কর্মসূচীর মধ্যে রয়েছে আলোচনা সভা, চিত্রাঙ্কন, আবৃত্তি, সঙ্গীত, নৃত্য ও বাংলা হস্তাক্ষর প্রতিযোগিতা, বইমেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। ইতোমধ্যে ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরীর শতবর্ষপূর্তি উপলক্ষে নাটোর শহরে সাজসাজ রব পড়ে গেছে। নাটোর শহরের বিভিন্ন সড়কে এখন শোভা পাচ্ছে শতবর্ষপূর্তি উৎসবের বিভিন্ন সুদৃশ্য ব্যানার। ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরীর শতবর্ষপূর্তি উৎসব উপলক্ষে দেশের খ্যাতনামা লেখক, সাংবাদিক, বুদ্ধিজীবী, শিক্ষাবিদ ও রাজনীতিবিদদের নাটোরে আমন্ত্রণ জানানো হয়। এদিকে ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরীর শতবর্ষপূর্তি উৎসব উপলক্ষে গত (৫ ফেব্রুয়ারী) নাটোর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে জানানো হয়, নাটোরের বিদ্যোৎসাহী মহারাজা জগদিন্দ্রনাথ রায় ১৯০১ সালে ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরী প্রতিষ্ঠা করেন। বর্তমানে এই লাইব্রেরীর সাধারণ সদস্য রয়েছেন ৮১২ জন, শিশু কিশোর সদস্য রয়েছে ২২৩ জন এবং আজীবন সদস্য রয়েছেন ৬৩ জন। বর্তমানে ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরীতে ১০ হাজারেরও বেশী বই মজুত রয়েছে এবং এ লাইব্রেরীর দৈনিক গড় পাঠক সংখ্যা ১৫০ জন।